



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
গাজীপুর-১৭০১
www.bari.gov.bd



স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০০.০১৩.৯৭.০১০৭.২৪.৩২

তারিখ: ১১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: রুবি আক্তার (BARI2740), বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, শিবপুর, নরসিংদী-এর অনুকূলে ভূতাপেক্ষভাবে উদ্যানতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-তে পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্ত ০১/০১/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৮ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস প্রেষণ প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক নং-১২.২১.৩০৬৮.০১২.০৫৭.১৮.০০১০.১৯.৮৬৪; তারিখ: ১৮/১২/২০২৫ খ্রি.

২। স্মারক নং-১২.০০.০০০০.০০০.০৬২.১৯.০০১৭.২৩.৪০৯; তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি.

রুবি আক্তার (BARI2740), বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, শিবপুর, নরসিংদী-এর অনুকূলে দেশের অভ্যন্তরে “Program on Agricultural and Rural Transformation for Nutrition Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER)” শীর্ষক প্রোগ্রামের বৃত্তির আওতায় ০১/০১/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৮ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস (ভূতাপেক্ষভাবে) Heterosis and Combining Ability of Heat-tolerance in Sweet Pepper বিষয়ে উদ্যানতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-তে পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে প্রেষণ প্রদান করা হলো।

শর্তাবলী:

- ১। মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত শর্তসমূহ মানতে বাধ্য থাকবেন;
- ২। পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণের সম্পূর্ণ মেয়াদকালে তিনি কর্মরত আছেন বলে গণ্য হবেন;
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেষণাদেশ প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দপ্তরের যাবতীয় পাওনাদি গ্রহণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করবেন;
- ৪। প্রেষণকালে তাঁর প্রাপ্যতানুযায়ী স্বাভাবিক বেতন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। তবে, কোন প্রেষণ ভাতা প্রাপ্য হবেন না;
- ৫। প্রেষণকালীন সময়ে নিয়মানুযায়ী পিএইচডি কোর্সের ব্যয় PARTNER প্রোগ্রাম হতে গ্রহণ করবেন;
- ৬। তিনি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা তত্ত্বাবধায়কের প্রত্যয়নসহ অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুরে জমা দিয়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন;
- ৭। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিশ্ববিদ্যালয়ে অবস্থান করতে পারবেন না;
- ৮। প্রেষণ শেষ হলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর মহোদয়ের নিকট গবেষণা অভিসন্দর্ভের (Thesis/Dissertation) দুই কপিসহ যোগদানপত্র পেশ করবেন এবং একটি কপি আবশ্যিকভাবে কৃষি মন্ত্রণালয়ে জমা প্রদান নিশ্চিত করবেন;
- ৯। জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এর বিধি-বিধান এক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ১০। জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ-২৯ এর (চ) অনুযায়ী পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে কোর্সের সমাপ্তিতে নামের সাথে পিএইচডি ডিগ্রির স্বীকৃতি স্বরূপ ‘ড.’ উপাধি ব্যবহারের ক্ষেত্রে গবেষণা অভিসন্দর্ভের (Thesis/Dissertation) এক কপি, সনদপত্র ও ডিগ্রি অর্জনের জন্য সরকারি আদেশের কপিসহ আবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- ১১। প্রেষণ শেষে যোগদানের তারিখ হতে তিনি অজীকারনামা ও চুক্তিনামা অনুযায়ী বিএআরআই-তে ০৪ (চার) বছর চাকুরী করতে বাধ্য থাকবেন এবং চাকুরীর যাবতীয় নিয়মাবলী মানতে বাধ্য থাকবেন; এবং
- ১২। ডিগ্রি অর্জনে ব্যর্থ হলে চাকুরীর মেয়াদ পূরণসহ সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন।

R. S. S. S.

Rshof

২৫-০১-২০২৬
রেশমা সুলতানা
পরিচালক (রুটিন দায়িত্ব)


প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, শিবপুর, নরসিংদী,
thronybari@gmail.com।

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০০.০১৩.৯৭.০১০৭.২৪.৩২/১ (১৩)

তারিখ: ১১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ২। পরিচালক, সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৩। পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৪। বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা,
shormin2000@gmail.com।
- ৫। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর (তথ্য সংরক্ষণ ও প্রচারের জন্য)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
- ৭। উপপরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৮। উপ পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৯। রুবি আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বিএআরআই, শিবপুর, নরসিংদী,
ruby8997@yahoo.com।
- ১০। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
- ১১। এসইআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, গাজীপুর (এসইআর সেল এবং মাস্টার ফাইলে পত্র সংরক্ষণের জন্য),
।
- ১২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ১৩। অফিস কপি, সংশ্লিষ্ট ফাইল,
।



Rshof

২৫-০১-২০২৬
রেশমা সুলতানা
পরিচালক (রুটিন দায়িত্ব)

Rshof